


প্রেস বিজ্ঞপ্তি

বিএসসিসিএলের ২০২০-২০২১ হিসাব বছরের লভ্যাংশ হতে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে ১.২ কোটি টাকা হস্তান্তর সংক্রান্ত।

ঢাকা, ৩১শে মার্চ, ২০২২খ্রি.: গত ৩০শে মার্চ, ২০২২খ্রি. তারিখে বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেডের ২০২০-২০২১ অর্থ বছরের লভ্যাংশ হতে শ্রম আইন ২০০৬ এর ধারা ২৩৪ মোতাবেক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে ১,১৯,৯৯,১৪১.০০ টাকা হস্তান্তর করা হয়। সচিবালয়স্থ মাননীয় শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রীর অফিস কক্ষে মন্ত্রণালয়ের মাননীয় সচিব মোঃ এহছানে এলাহী-এর হাতে বিএসসিসিএলের পক্ষ হতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব এ.কে.এম হাবিবুর রহমান উপরোক্ত অর্থের চেক হস্তান্তর করেন। উক্ত চেক হস্তান্তর অনুষ্ঠানে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব গোকুল কৃষ্ণ ঘোষসহ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ ও বিএসসিসিএল কোম্পানি সচিব জনাব মোঃ আব্দুস সালাম খাঁন, এফসিএস উপস্থিত ছিলেন। বিএসসিসিএলে শ্রমিক অংশগ্রহণ ও শ্রমিক কল্যাণ তহবিল প্রতিষ্ঠান পর হতে তথা ২০১৪-২০১৫ অর্থ বছর হতে কোম্পানিটি বিধি মোতাবেক নিয়মিতভাবে লভ্যাংশের একটি অংশ দেশের শ্রমজীবী মানুষের কল্যাণার্থে বর্তমান সরকার কর্তৃক গঠিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে জমা প্রদান করে আসছে।

তারিখ, ঢাকা
৩১শে মার্চ, ২০২২খ্রি.।



(মোঃ আব্দুস সালাম খাঁন, এফসিএস)
কোম্পানি সচিব (মহাব্যবস্থাপক)
ফোন-০২-৮৮৭৯২৪০
ই-মেইল- cs@bscc.com

প্রতি

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.....
.....
.....